

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৪২.১১৬.০০.০০২.২০১৫-৩৮

তারিখ: ২৯.০১.২০১৫

বিষয়: সহকারী অধ্যাপক, সিনিয়র কম্পালিটেট, সহযোগী অধ্যাপক (চলতি দায়িত্ব) পদে কর্মরত কর্মকর্তাদের তথ্যাবলী যাচাই ও হালনাগাদকরণ প্রস্তুতি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দক্ষ ও কার্যকর মানব সম্পদ ব্যবস্থাপনার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরে সংরক্ষিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসে কর্মরত চিকিৎসকদের তথ্যাবলী পর্যায়ক্রমে হাল নাগাদ ও যাচাই করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে প্রথম পর্যায়ে বর্তমানে যে সকল চিকিৎসক/কর্মকর্তা সহকারী অধ্যাপক, সিনিয়র কম্পালিটেট ও সহযোগী অধ্যাপক (চঃ দাঃ) পদে কর্মরত আছেন তাঁদের সংরক্ষিত তথ্যাবলী স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে ([www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd)) এবং স্বাস্থ্য অধিদপ্তরের [app.dghs.gov.bd/informationUpdate](http://app.dghs.gov.bd/informationUpdate)/লিংকে প্রকাশ করা হয়েছে। উক্ত লিংকে Log in করে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে স্বাস্থ্য অধিদপ্তরে সংরক্ষিত নিজ নিজ তথ্যাবলী দর্শন, যাচাই ও সংশোধন করতে হবে।

১। এমতাবস্থায়, আগামী ০৮/০২/২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার তথ্য যাচাই ও হালনাগাদ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মেইনউদ্দিন আহমদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৮

#### বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অধ্যক্ষ (সকল), ..... মেডিকেল কলেজ
- ৪। পরিচালক/নির্বাহী পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), ..... মেডিকেল কলেজ হাসপাতাল এবং ইনসিটিউট ও হাসপাতাল
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), পরিচালকের কার্যালয় (সকল).....
- ৬। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক (সকল),.....
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমিশনার (সকল),.....
- ১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।